



ইরানের আকাশে আরও একটি মার্কিন এফ-৩৫ ধ্বংসের দাবি



মার্কিন এফ-৩৫ বিমান। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্যের উত্তেজনাপূর্ণ পরিস্থিতির মধ্যে ইরান দাবি করেছে, তাদের আকাশসীমায় যুক্তরাষ্ট্রের একটি অত্যাধুনিক এফ-৩৫ যুদ্ধবিমান গুলি করে নামানো হয়েছে। এ ঘটনায় বিমানটির পাইলট বেঁচে নেই— এমন আশঙ্কাও প্রকাশ করা হয়েছে।

শুক্রবার (৩ এপ্রিল) ইরানি সংবাদমাধ্যম মেহের নিউজ এজেন্সির বরাত দিয়ে আন্তর্জাতিক বার্তা সংস্থা রয়টার্স এ তথ্য জানায়। মেহেরের প্রতিবেদনে বলা হয়, হামলার সময় তীব্র বিস্ফোরণ ঘটে এবং পাইলট গুরুতর আহত হন, ফলে তার বেঁচে থাকার সম্ভাবনা খুবই কম।

তবে এ বিষয়ে এখনো কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানায়নি মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম)।

বিশ্লেষকদের মতে, ইরানের দাবি সত্য হলে এটি চলমান উত্তেজনায় বড় ধরনের প্রতিক্রিয়া হিসেবে বিবেচিত হবে।

এফ-৩৫ যুদ্ধবিমান যুক্তরাষ্ট্রের অন্যতম আধুনিক সামরিক সম্পদ। এটি স্টেলথ প্রযুক্তিসম্পন্ন হওয়ায় সহজে রাডারে ধরা পড়ে না এবং জটিল আকাশ প্রতিরক্ষা ব্যবস্থার মধ্যেও কার্যকরভাবে অভিযান চালাতে পারে।

এর আগে প্রায় দুই সপ্তাহ আগে ইরান একই ধরনের একটি দাবি তোলে। সে সময় ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি) একটি ভিডিও প্রকাশ করে, যেখানে আকাশে থাকা একটি যুদ্ধবিমানে ক্ষেপণাস্ত্র আঘাত হানার দৃশ্য দেখানো হয়।